



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০১৩.২০১৪-২৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ।
১১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, ফরিদপুর জেলার ভাংগা উপজেলার আজিমনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোতালেব মাতুব্বর এর বিরুদ্ধে পরস্পর যোগসাজসে সরকারি বিভিন্ন প্রকল্পের (৫,০০,০০০ + ১,০০,০০০ + ৭৫,০০০) = ৬,৭৫,০০০/- (ছয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, ফরিদপুর বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, ফরিদপুর জেলার ভাংগা উপজেলার আজিমনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোতালেব মাতুব্বর এর বিরুদ্ধে পরস্পর যোগসাজসে সরকারি বিভিন্ন প্রকল্পের (৫,০০,০০০ + ১,০০,০০০ + ৭৫,০০০) = ৬,৭৫,০০০/- (ছয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ফরিদপুর জেলার ভাংগা উপজেলার আজিমনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোতালেব মাতুব্বর কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০১৩.২০১৪-২৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ।
১১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভাংগা, ফরিদপুর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোতালেব মাতুব্বর, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), আজিমনগর ইউনিয়ন পরিষদ, ভাংগা, ফরিদপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।

(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব